



বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২২/২৭৬

০১ ডিসেম্বর, ২০২২

সম্মানিত সকল সদস্য

বিজিএমইএ

বিষয়ঃ BGMEA সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহের শ্রমিকদের টিকা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,


আসসালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিকরা পোশাক শিল্পের প্রধান চালিকা শক্তি। তাদের স্বাস্থ্য সুরক্ষার দায়িত্ব আমার/আপনার সকলের।

শ্রমিকের সুস্থতা ও নিরাপদ কর্মপরিবেশের সঙ্গে উৎপাদনশীলতা সরাসরি সম্পৃক্ত। টেকসই শিল্প গড়ে তুলতে উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি শিল্পে শ্রমিক, মালিক সহ সংশ্লিষ্ট সকলের জন্য নিরাপদ কর্ম পরিবেশ, সুস্থতা ও সুরক্ষা নিশ্চিতকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

দেশব্যাপী চলমান কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমে ইতিমধ্যেই সকল শ্রমিককে ১ম ও ২য় ডোজ টিকার আওতায় আনা হয়েছে। এখন সারাদেশে কোভিড-১৯ টিকার বুস্টার ডোজ দেওয়া হচ্ছে। বিজিএইএ'র সদস্যভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারীদের মধ্যে এখনও যারা বুস্টার ডোজ কোভিড-১৯ টিকা গ্রহন করেননি তাদের ও তাদের পরিবারের সদস্যদের দ্রুত নিকটস্থ টিকা কেন্দ্র হতে বুস্টার ডোজ টিকা গ্রহন করার জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদান্তে,


ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •